# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আখলাক ও ব্যবহার

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

লোকের ভয়ে সত্য গোপন করা অথবা সত্যের অপলাপ করা বৈধ কি?

লোকে কষ্ট দেবে--- এই ভয়ে, গালি দেবে, মারবে অথবা রুযী বন্ধ করে দেবে--- এই ভয়ে, চাকরী চলে যাবার ভয়ে অথবা সন্মান ও পজিশন চলে যাওয়ার ভয়ে সত্য গোপন করা অথবা সত্যের আপলাপ করা বৈধ নয়। যেহেতু মহানবী (সঃ) বলেছেন,

“লোকের ভয় যেন কোন ব্যক্তিকে এমন কোন ‘হক’ বলতে বাধাগ্রস্ত না করে, যা সে জেনেছে, দেখেছে অথবা শুনেছে।” (সিঃ সহিহাহ ১৬৮ নং)

উবাদাহ ইবনে শ্বামেত (রঃ) বলেন, ‘আমরা রাসুলুল্লাহ (সঃ) এর কাছে এই মর্মে বাইয়াত করলাম যে, দুঃখে-সুখে, আরামে ও কষ্টে এবং আমাদের উপর (অন্যদেরকে) প্রাধান্য দেওয়ার অবস্থায় আমরা তার পূর্ণ অনুগত্য করব। রাষ্টনেতার বিরুদ্ধে তার নিকট থেকে ক্ষমতা কেড়ে নেওয়ার লড়াই করব না; যতক্ষণ না তোমরা (তার মধ্যে) প্রকাশ্য কুফরি দেখ, যে ব্যাপারে তোমাদের নিকট আল্লাহর পক্ষ থেকে দলিল রয়েছে। আর আমরা সর্বদা সত্য কথা বলব এবং আল্লাহর ব্যাপারে কোন নিন্দুকের নিন্দাকে ভয় করব না।’ (বুখারি-মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2102

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন